



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ

২৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

## বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ' ৭১ এর আয়োজনে জঙ্গি ও সন্ত্রাসবাদ বিরোধী মানববন্ধন অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ' ৭১ এর আয়োজনে ২৬ জুলাই ২০১৬ সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়ে গেল জঙ্গি ও সন্ত্রাসবাদ বিরোধী মানববন্ধন। সেক্টর কমান্ডারস ফোরাম- মুক্তিযুদ্ধ' ৭১ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ড. মোঃ হাসিনুর রহমানের সভাপতিত্বে সংগঠনের সহ-সভাপতিবৃন্দ, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক সহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ মানববন্ধনে উপস্থিত ছিলেন। মানববন্ধন কর্মসূচিতে একাত্ততা পোষণ করে অংশ নেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. মুহসিন উদ্দীন, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, ১৮ টি বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, বিভিন্ন হলের প্রোভোস্ট, সহকারী প্রক্টরবৃন্দ, ছাত্র উপদেষ্টাগণ, বিভিন্ন বিভাগের শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ। কর্মসূচিতে আরও একাত্ততা পোষণ করেন সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ' ৭১ বরিশাল বিভাগীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি প্রদীপ কুমার ঘোষ, সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ' ৭১ বরিশাল জেলার সাধারণ সম্পাদক মোকলেছুর রহমানসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ। মানববন্ধন কর্মসূচিতে অংশ নিয়ে উপাচার্য মহোদয় বলেন, যেভাবে আমরা ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ করে প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে স্বাধীন করেছি ঠিক তেমনি স্বাধীনতার স্বপক্ষের সবাইকে সাথে নিয়ে ঐক্যবদ্ধ ভাবে এই জঙ্গি সন্ত্রাসীদের নির্মূল করতে হবে। তিনি আরও বলেন ধর্মের দোহাই দিয়ে উগ্রতা, জঙ্গি তৎপরতা, সাম্প্রদায়িকতা কোন ভাবেই মেনে নেয়া হবে না। সবার সম্মিলিত প্রয়াসে জঙ্গিবাদের মূল উৎপাতন করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের চলমান অগ্রযাত্রার ধারাকে অব্যাহত রাখার আহ্বান জানান উপাচার্য মহোদয়। একই সাথে উপাচার্য মহোদয় মানববন্ধন কর্মসূচিতে উপস্থিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ০১ আগস্ট ২০১৬ তারিখ সোমবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আহ্বানে সাড়া দিয়ে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে সংগতি রেখে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী মানববন্ধনে অংশ নেয়ার আহ্বান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ ফয়সল মাহমুদ রুমি)

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়